

ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদ
তথ্য ,সংস্কৃতি ও পর্যটন
খুমলুঙ ,পশ্চিম ত্রিপুরা ।

শ্রীনগর গাবদী হায়ার সেকেন্ডারী স্কুলে গার্লস হোস্টেলের
দ্বারোদঘাটন

এডিসি।স-০৪

খুমলুঙ,৪।১।২০।১০ইং

গতকাল জম্মুইজলা ব্লক এলাকার শ্রীনগর গাবদী হায়ার সেকেন্ডারী স্কুলে গার্লস হোস্টেলের শিলান্যাস করা হয় । ৫০ শয্যা ত্রিতল বিশিষ্ট এই গার্লস হোস্টেলের শিলান্যাস করেন এডিসির শিক্ষা বিভাগের নির্বাহী সদস্য শ্রীরাধাচরণ দেববর্মা । ব্যয় ধরা হয়েছে ৯৬ লক্ষ টাকা । প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক শ্রীনিরঞ্জন দেববর্মা । বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক শ্রীকেশব দেববর্মা । সন্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এম ডি সি শ্রীসন্তোষ দেববর্মা । সভাপতিত্ব করেন জম্মুইজলা ব্লকের বি এ সি চেয়ারম্যান শ্রীরমেন্দ্র দেববর্মা । স্বাগত ভাষণ রাখেন জম্মুইজলা ব্লকের বিডিও শ্রীদিলীপ দেববর্মা ।

উদ্বোধনী ভাষণে শিক্ষা বিভাগের নির্বাহী সদস্য শ্রীরাধাচরণ দেববর্মা বলেন সার্বিক ভাবে উন্নয়নে শিক্ষার গুরুত্ব অপরিসীম । তাই রাজ্যের বামফ্রন্ট সরকার ও এডিসির যৌথ উদ্যোগে যেখানে জনবসতি রয়েছে সেখানেই স্কুল গড়ে তুলেছে । অর্থাৎ এক কিলোমিটার অন্তর একটি স্কুল স্থাপন করা হয়েছে । এটি দেশের মধ্যে নজিরবিহীন । ত্রিপুরা রাজ্যের মত দেশের মধ্যে আর কোন রাজ্যে এরকম নেই বলে তিনি জানান । তিনি জানান মিড ডে মিলের টাকা ১ টাকা ৩৯ পয়সা থেকে ২ টাকা ৭৫ পয়সা করা হয়েছে । ২৫ জন ছাত্রছাত্রীদের জন্য একজন পাচককে মাসে ১ হাজার টাকা করে দেওয়ার সিদ্ধান্ত করা হয়েছে । এছাড়া ২৫ জনের বেশী ছাত্রছাত্রী হলে ২ জন পাচক করার সিদ্ধান্ত হয় । তিনি বলেন গরীব জনগণের মাধ্যমে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে । তাই গরীব মানুষদের অগ্রাধিকার দিয়ে বিভিন্ন পরিকল্পনার কাজ রূপায়িত করা হচ্ছে । রাজ্যের ছাত্রছাত্রীরা উচ্চ শিক্ষার জন্য রাজ্যের বাইরে যেতে হয়না । বর্তমানে দুটি মেডিকেল কলেজ , ভেটেরিনারী কলেজ ,কৃষি কলেজ সহ উচ্চ শিক্ষার বিভিন্ন বিষয়ের শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে । তিনি জানান প্রায় ৮০ থেকে ৯০ ভাগ গ্রামে গাড়ী চলাচলের রাস্তা হয়েছে । সর্বত্র শান্তির পরিবেশ বজায় রেখে এডিসি ও রাজ্য সরকারের গৃহীত উন্নয়ন কর্মসূচীর সুযোগ গ্রহণ করতে শ্রীদেববর্মা সকলের প্রতি আহ্বান রাখেন ।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়কদ্বয় শ্রীনিরঞ্জন দেববর্মা ও শ্রীকেশব দেববর্মা ,এম ডি সি শ্রীসন্তোষ দেববর্মা প্রমুখ ।

খুমলুঙে এডিসির উদ্যোগে ৬ দিনের মিষ্টি তৈরীর
প্রশিক্ষণ সম্পন্ন

এডিসি।স-০৫

খুমলুঙ,৪।১।২০।১০ইং

গতকাল খুমলুঙে স্থানীয় ত্রিপুরা ট্রাইবেল ফক মিউজিক কলেজে এডিসির বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের উদ্যোগে ৬ দিনের মিষ্টি তৈরী বিষয়ে প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে ।

এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের নির্বাহী সদস্য শ্রীরাধাচরণ দেববর্মা । বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত মুখ্য আধিকারিক শ্রীপ্রমোদ দেববর্মা । সভাপতিত্ব করেন এম ডি সি শ্রীধনঞ্জয় দেববর্মা । স্বাগত ভাষণ রাখেন পশ্চিম জোন্যালের জোন্যাল আধিকারিক শ্রীউপেন্দ্র দেববর্মা ।

সমাপ্তি অনুষ্ঠানে প্রশিক্ষণে অংশ গ্রহণকারী ১০ জন প্রশিক্ষার্থীদের মধ্যে মিষ্টি তৈরীর প্রয়োজনীয় সামগ্রী দেওয়া হয় । এতে ব্যয় হয়েছে ১ লক্ষ ২৬ হাজার টাকা ।

প্রধান অতিথির ভাষণে বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের নির্বাহী সদস্য শ্রীরাধাচরণ দেববর্মা বলেন সাধারণ মানুষের জীবন যাত্রার মানোন্নয়ন করতে এডিসি কর্তৃপক্ষের প্রয়াস অব্যাহত রয়েছে । ব্যবসার মাধ্যমে অর্থোপার্জন করার জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হয়েছে । এই প্রকল্পের সুযোগ গ্রহণ করার পর সঠিক ভাবে পরিচালনা করে অর্থোপার্জন করতে তিনি গুরুত্বারোপ করেন । শ্রীদেববর্মা জানান আগামী ১৯ জানুয়ারী এডিসির উদ্যোগে খুমলুঙে চা বরক ও রিবরক তের সংগঠিত করা হবে ।

গন্ডাছড়ায় এডিসির উদ্যোগে প্রাণী পালন ও পরিচর্যা
বিষয়ে একদিনের সেমিনার

এডিসি।স-০৬

খুমলুঙ, ৪। ১। ২০ ১০ইং

=====

=====

আজ গন্ডাছড়ায় এডিসির প্রাণী সম্পদ উন্নয়ন দপ্তরের উদ্যোগে প্রাণী পালন ও পরিচর্যা বিষয়ে একদিনের সেমিনার সংগঠিত করা হয় । এই সেমিনারের পাশাপাশি প্রাণী স্বাস্থ্য শিবির করা হয় । এই অনুষ্ঠান শুভ উদ্বোধন করেন এডিসির কৃষি বিভাগের নির্বাহী সদস্য শ্রীগজেন্দ্র ত্রিপুরা । প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকেন প্রাণী সম্পদ উন্নয়ন দপ্তরের নির্বাহী সদস্য শ্রীরনবীর দেববর্মা । বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এডিসির প্রাণী সম্পদ উন্নয়ন দপ্তরের প্রধান আধিকারিক ডা শিশির কুমার পাল । সভাপতিত্ব করেন এমডিসি শ্রীহরেন্দ্র ত্রিপুরা । স্বাগত ভাষণ রাখেন এডিসির প্রাণী সম্পদ উন্নয়ন দপ্তরের ধলাই শাখার সহ অধিকর্তা ডা রত্নেশ্বর দেবনাথ ।

উদ্বোধনী ভাষণে কৃষি বিভাগের নির্বাহী সদস্য শ্রীগজেন্দ্র ত্রিপুরা বলেন প্রাণী পালনের মাধ্যমে গরীব মানুষের আর্থ সামাজিক মানোন্নয়নের লক্ষ্যে এডিসি কর্তৃপক্ষ বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে । তিনি জানান ধলাই জোন্যাল এলাকার মনু , ছামনু ও গন্ডাছড়া এই ৩টি সাব জোন্যালের জন্য ৫১ লক্ষ ৮৪ হাজার টাকার বি আর জি এফ প্রকল্প চালু করার জন্য হাতে নেওয়া হয়েছে । এডিসি ও রাজ্য সরকারের যৌথ উদ্যোগের উন্নয়নের সুযোগ গ্রহণ করে কাজে লাগাতে শ্রীত্রিপুরা গুরুত্বারোপ করেন ।

প্রধান অতিথির ভাষণে প্রাণী সম্পদ উন্নয়ন দপ্তরের নির্বাহী সদস্য শ্রীরনবীর দেববর্মা জানান যেখানে মানুষ রয়েছে সেখানেই এডিসির উদ্যোগে প্রাণী পালনের মাধ্যমে অর্থোপার্জন করার সুযোগ সৃষ্টি করে দেওয়া হচ্ছে । সর্বত্র শান্তির পরিবেশ বজায় রেখে উন্নয়ন কাজে সহযোগিতা করতে শ্রীদেববর্মা আহ্বান রাখেন । এদিকে এই সেমিনারের পাশাপাশি প্রাণী বিতরণ ও প্রাণী স্বাস্থ্য শিবির করা হয় । শিবিরে শুকর ৪০ ইউনিট , ছাগল ৪০ ইউনিট , হাঁস ৭ ইউনিট এবং গাভী ৭টি বিতরণ করা হয়েছে । এতে ব্যয় হয়েছে ১৭ লক্ষ টাকা ।